



নির্বাচনের আগে অস্ত্রের মজুদের অভিযোগ এনসিপির মুখপাত্রের



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে কয়েকটি এলাকায় অস্ত্র মজুদের চেষ্টা হচ্ছে বলে অভিযোগ করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র ও নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আসিফ মাহমুদ।

শনিবার (৭ ফেব্রুয়ারি) সন্ধ্যা ৭টার দিকে রাজধানীর বাংলামোটরের দলীয় কার্যালয়ে তিনি সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন।

আসিফ মাহমুদ জানান, নির্বাচনের মাঠে কিছু এলাকায় অস্ত্র সরবরাহ করা হচ্ছে এবং অনেক প্রার্থী ভোটদানের হুমকিও দিচ্ছে। তিনি বলেন, এই পরিস্থিতিতে নির্বাচন কমিশন যথাযথ পদক্ষেপ নিচ্ছে না। তিনি আরও বলেন, বিএনপি ক্ষমতায় এলে জুলাই সনদ কার্যকর হবে না, এমন আশঙ্কা রয়েছে। জুলাই সনদে স্বাক্ষর সত্ত্বেও জনগণের সঙ্গে প্রতারণার প্রমাণ তাদের ইশতেহারেই প্রতিফলিত হয়েছে।

সংবাদ সম্মেলনে তিনি অভিযোগ করেন, বিএনপি ক্ষমতায় এলে বিগত ফ্যাসিবাদী ঘটনার বিচার হবে না এবং আওয়ামী লীগকে ফের ক্ষমতায় ফিরিয়ে আনার চেষ্টা করবে। যদি এরূপ কিছু বাস্তবায়নের চেষ্টা করা হয়, জনগণ রাজপথে প্রতিরোধ করবে বলে হুঁশিয়ারি দেন এনসিপির মুখপাত্র।